আইনজীবীর ওপর হামলায় সংসদে যুবদল নেতা নয়নকে গ্রেপ্তারের দাবি



যুবদল নেতা নয়ন। ছবি: সংগৃহীত

সুপ্রিম কোর্টের আইনজীবী রাহেদুল ইসলামের ওপর হামলা ও মারধরের অভিযোগে ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের সদস্যসচিব রবিউল ইসলাম নয়নকে গ্রেপ্তারের দাবি উঠেছে জাতীয় সংসদে।

মঙ্গলবার (১৭ নভেম্বর) সংসদের পয়েন্ট অব অর্ডারে বিষয়টি তুলে ধরেন জামায়াতের সংসদীয় দলের মুখপাত্র নাজিবুর রহমান। একই সঙ্গে এ ঘটনায় স্বরাষ্ট্রমন্ত্রী ও আইনমন্ত্রীর বিবৃতি দাবি করেন তিনি।

সংসদে নাজিবুর রহমান অভিযোগ করেন, যুবদল নেতা নয়ন ও তাঁর সহযোগীরা রাহেদুল ইসলামকে গাড়ি থেকে জোর করে নামিয়ে একটি কক্ষে আটকে মারধর করেন। এ সময় রডের আঘাতে ওই আইনজীবীর হাত ভেঙে দেওয়া হয় বলেও দাবি করেন তিনি।

নাজিবুর রহমান বলেন, হামলার সময় রাহেদুল ইসলাম নিজের পরিচয় ও জামায়াতে ইসলামীর সদস্য এবং বাংলাদেশ লইয়ার্স কাউন্সিলের সদস্য হওয়ার কথা জানালেও তাঁকে ছাড় দেওয়া হয়নি।

তিনি আরও বলেন, মবের বিরুদ্ধে কথা বললেও এ ঘটনায় অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে এখনো ব্যবস্থা নেওয়া হয়নি। নয়নকে গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি। এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী ও আইনমন্ত্রীর বক্তব্যও প্রত্যাশা করেন জামায়াতের এই সংসদ সদস্য।